৩০

দৈনিক খবর

তারিখ ...18 JUN 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি

## টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যক্ষের অপসারণ দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ কলেজ অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী কেন্দ্রীয় ছাত্র সংসদ গতকাল বৃহস্পতিবার এ ইনস্টিটিউটের অধ্যক্ষের অপসারণের দাবীতে শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করেছে। অধ্যক্ষের বিরুদ্ধে তারা প্রশাসনিক জটিলতা সৃষ্টিসহ বিভিন্ন অভিযোগ উত্থাপন করেছে।

গতকাল সকালে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ ছাত্র সংসদের উদ্যোগে একটি মিছিল বের হয় এবং পরে তারা সচিবালয়ের পাঁচ নং গেট–এর সামনে এক সমাবেশের আয়োজন করে। পরে একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রীর দফতরে স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে অধ্যক্ষের বিরুদ্ধে প্রশাসনিক অযোগ্যতা, শিক্ষক নিয়োগে জটিলতা সৃষ্টি, আঞ্চলিকতার প্রভাব সৃষ্টি, সেশন জট নিরসনে ব্যর্থতাসহ বিভিন্ন অভিযোগ উত্থাপন করা হয়।